গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
আইসিটি -১ শাখা
www.sid.gov.bd

বিষয়: "স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস" উদ্ভাবন উদ্যোগটি বাস্তবায়নের জন্য গঠিত কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	: জনাব মো: দিলদার হোসেন উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও আহবায়ক, স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস" বাস্তবায়ন কমিটি।
সভার তারিখ	: ২১-০৯-২০২০ খ্রি:
সময়	: ১১.০০ টা
স্থান	: এনএসডিএস সম্মেলন কক্ষ (রুম নং- ৯২৪), পরিসংখ্যান ভবন।

উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট-ক

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি "স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস" উদ্ভাবনী উদ্যোগটি বাস্তবায়নের গুরুত্ব সভায় তুলে ধরেন। এরপর সভাপতি "স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস" এ্যাপ্লিকেশনটিতে কি কি ইন্ডিকেটর থাকতে পারে সে বিষয়ে সবার মতামত আহবান করেন।

০২। এ বিষয়ে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সিস্টেম এনালিস্ট জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম বলেন যে, গুরুত্বপূর্ণ ১০ টি ইন্ডিকেটর এ্যাপ্লিকেশনের হোম পেজে রাখা যেতে পারে। এ বিষয়ে সভাপতি তাঁর সাথে একমত প্রকাশ করে ১০টি ইন্ডিকেটরের পরিবর্তে ২০টি ইন্ডিকেটর রাখার ব্যাপারে মতামত দেন। অত:পর সভাপতি পরবর্তী সভায় প্রত্যেক সদস্য-কে সবচেয়ে গুরুত্বপূর্ণ ২০টি ইন্ডিকেটরের তালিকা তৈরি করে পরবর্তী সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে সার্বিক দায়িত্ব এ বিভাগের সহকারী প্রোগ্রামার এফ, এম, আয়াতুল্লাহ আল-নোমান এর ওপর প্রদান করা হয়।

০৩। এ পর্যায়ে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যা কর্মকর্তা, জনাব সমাপ্তি মজুমদার বলেন যে, ডাটা নিয়মিত হালনাগাদ না হলে সেটি যদি ব্যবহারকারীগণের নিকট প্রেরণ করা হয় তাহলে সে তথ্য উপাত্ত অনেকক্ষেত্রে গ্রহণযোগ্য নাও হতে পারে। এর প্রেক্ষিতে এ বিভাগের সিস্টেম এনালিস্ট জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম বলেন, ডাটা হালনাগাদ হলে তবেই পাঠানোর সিদ্ধান্ত নেওয়া যেতে পারে। তখন সভাপতি বলেন, ডাটা প্রতিমাসেই পাঠানো হবে তবে যে ডাটা হালনাগাদ হবে তার পাশে প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া থাকবে।

০৪। আলোচনার এ পর্যায়ে সভাপতি বলেন, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের পরবর্তী মাসিক সমন্বয় সভায় সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর সদয় অবগতির জন্য "স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস" এ্যাপ্লিকেশনটির গুরুত্ব তুলে ধরা হবে। তিনি এ্যাপ্লিকেশনের জন্য ইনফ্রাস্ট্রাকচার সম্পর্কিত কার্যক্রম যেমন: ডোমেইন, সিকিউর সকেটস লেয়ার (SSL) ক্রয় এবং সার্ভার সংগ্রহ ইত্যাদি। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের প্রোগ্রামার জনাব মু: ওয়াহিদ মুরাদ-কে দায়িত্ব প্রদান করেন।

০২। <u>বিস্তারিত আলোচনা শেষে নিম্মলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ</u>

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	পরবর্তী সভায় "স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস" এ্যাপ্লিকেশনটির জন্য প্রত্যেক সদস্যকে ২০টি করে ইন্ডিকেটরের তালিকা প্রস্তুত করে আনতে হবে।	সকল সদস্য, "স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস" বাস্তবায়ন কমিটি।

০২.	সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, এর সদয় অবগতির জন্য পরবর্তী মাসিক সমন্বয় সভায় "স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস" এ্যাপ্লিকেশনটির গুরুত্ব তুলে ধরতে হবে।	(ক) মো: দিলদার হোসেন, উপসচিব ও আহবায়ক "স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস" বাস্তবায়ন কমিটি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। (খ) জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম, সিস্টেম এনালিস্ট (আইসিটি অধিশাখা) ও সদস্য, "স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস" বাস্তবায়ন কমিটি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
০৩.	"স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস" এ্যাপ্লিকেশনটির জন্য ইনফ্রাস্ট্রাকচার সম্পর্কিত কার্যক্রম যেমন: ডোমেইন, সিকিউর সকেটস লেয়ার (SSL) ক্রয় এবং সার্ভার সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	জনাব মু: ওয়াহিদ মুরাদ, প্রোগ্রামার (আইসিটি) ও সদস্য সচিব, "স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস" বাস্তবায়ন কমিটি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

০৯। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

23.09.2020

(মো: দিলদার হোসেন)
উপসচিব
ও
আহবায়ক ("স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস" বাস্তবায়ন কমিটি)
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

নং:-৫২.০০.০০০০.০২২.০৫.০১৭.১৯-১০

তারিখ:- ১০ আশ্বিন ১৪২৭ / ২৩ সেপ্টেম্বর ২০২০

বিতরণ: সদয় কাযার্থে (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম, সিস্টেম এনালিষ্ট (আইসিটি অধিশাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০২। জনাব মু: ওয়াহিদ মুরাদ, প্রোগ্রামার (আইসিটি) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৩। জনাব মির্জা মোহাম্মদ আশরাফুল মুনিম, সহাকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (আইসিটি-২), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৪। জনাব জেরিনা পাশা, পরিসংখ্যান কর্মকর্তা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
০৫। জনাব সমাপ্তি মজুমদার, পরিসংখ্যান কর্মকর্তা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।

জ্ঞাতার্থে (অনুলিপি):

০১। অতিরিক্ত সচিব, তথ্য ব্যবস্থাপনা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০৩। অতিরিক্ত সচিব, উন্নয়ন, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৪। অতিরিক্ত সচিব, প্রশাসন, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৫। যুগ্মসচিব, তথ্য ব্যবস্থাপনা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৬। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৭। অফিস কপি।

23.09.2020
এফ, এম, আয়াতুল্লাহ আল-নোমান
(সহকারী প্রোগ্রামার)